

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শ্রীপুর, মাগুরা।  
[www.sreepur.maqura.gov.bd](http://www.sreepur.maqura.gov.bd)

স্মারক নং-০৫.৪৪.৫৫৯৫.০০০.০৪.০১৩.২৩- ২৬৫

তারিখ : ০২.০৩.২০২৩ খ্রি.


বিষয় : ধানের জমিতে পরিবেশ বান্ধব পার্চিং (ধানের জমিতে গাছের ডাল স্থাপন) কার্যক্রম জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সুযোগ্য জেলা প্রশাসক জনাব মোহাম্মদ আবু নাসের বেগ “যেখানেই ধানের গাছ, সেখানেই গাছের ডাল” প্রতিপাদ্যকে সামনে রেখে সমগ্র মাগুরা জেলাতে পার্চিং (Perching) কার্যক্রম উদ্বোধন করেছেন। সকল ইউপি সদস্য এবং উপসহকারী কৃষি কর্মকর্তাদের সমন্বয়ে উক্ত কার্যক্রম তদারকি ও বাস্তবায়ন আগামী ১৫.০৩.২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। পরিবেশবান্ধব এই পদ্ধতির ব্যবহার করা হলে নিম্নোক্ত সুবিধা পাওয়া যাবে ;

১. এ পদ্ধতি ব্যবহার করলে কীটনাশকের ব্যবহার হ্রাস পায়;
২. কীটনাশক ব্যবহার হ্রাস হওয়ায় উৎপাদন খরচ কমে;
৩. ফসলের উৎপাদন বৃদ্ধি পায়;
৪. কীটনাশক ব্যবহার হ্রাস পাওয়ায় প্রাকৃতিক ভারসাম্য রক্ষা পায়;
৫. বিভিন্ন ধরনের পাখির বিশ্রাম ও খাবারের ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে বিলুপ্তপ্রায় পাখিদের রক্ষার মাধ্যমে জীববৈচিত্র্য রক্ষা পায়;
৬. পাখির বিষ্ঠা জমিতে জৈব পদার্থ যোগ করে জমির উর্বরতা শক্তি বৃদ্ধি করে।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের সকল কৃষককে ধানের জমিতে পরিবেশ বান্ধব পার্চিং কার্যক্রম শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করাসহ বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো।

চেয়ারম্যান  
.....(সকল) ইউনিয়ন পরিষদ  
শ্রীপুর, মাগুরা।

  
(কমলেশ মজুমদার)  
উপজেলা নির্বাহী অফিসার  
শ্রীপুর, মাগুরা।  
ফোন: ০২৪৭৭৭-১১৮০১

অনুলিপি সদয় অবগতির জন্য ;

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, মাগুরা।
- ২। উপজেলা ..... কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা।